দৈনিক জনকণ্ঠ

31

তারিখ ... ... FEB 01 2000
পৃষ্ঠা ... কলাম ...

মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন

# যৌন নিপীড়নবিরোধী আন্দোলন ঃ নয়া কর্মসূচি

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** শিক্ষাঙ্গনসহ সারাদেশের যৌন নিপীড়নের বিরুদ্ধে আন্দোলনরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আন্দোলনের নতুন কর্মসূচি দিয়েছে। এসব কর্মসূচির মধ্যে রয়েছে সংহতি সমাবেশ, কালো পোশাকে প্রতিবাদ, মশাল মিছিল, অবস্থান ধর্মঘট এবং মতবিনিময় সভা। ছাত্রছাত্রীরা গতকাল সোমবার দুপুর ১২টায় মধুর ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সামিনা লুৎফা। লিখিত বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক ফেরদৌস হোসেনের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করা হয়। এছাড়া ছাত্রছাত্রীরা আগামী ৬ই ফেব্রুয়ারি ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, ৯ই ফেব্রুয়ারি সংহতি সমাবেশ, ১৩ই ফেব্রুয়ারি ১লা ফাল্গুন উৎসবে কালো পোশাক পরে প্রতিবাদ, ১৭ই ফেব্রুয়ারি মতবিনিময় সভা, ২১শে ফেব্রুয়ারি রাত ১২টা ১ মিনিটে মশাল মিছিল এবং ২৭শে ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসি অফিসের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করবে।